

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৬৫৩

২৯/ দু'আ ও যিকর

পরিচ্ছেদঃ দু'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী (্ৠ্রি) এর কতিপয় দু'আর নমুনা

## আরবী

وَعَنْ أَبِي بَكرِ الصِدِّيقِ أَنَّه قَالَ لِرَسُولِ اللهِ عَلَّمْنِي دُعَاءً أَدْعُوْ بِهِ فِي صَلَاتِي قَالَ قُلْ : اللَّهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِيْ ظُلُماً كَثِيْراً وَلاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ فَاغْفِرْ لِي مَغْفِرَةً مِنْ عِنْدِكَ وَارْحَمْنِي إِنَّكَ أَنْتَ الغَفُورُ الرَّحِيمُ متفق عَلَيْهِ عِنْدِكَ وَارْحَمْنِي إِنَّكَ أَنْتَ الغَفُورُ الرَّحِيمُ متفق عَلَيْهِ وفي روايةٍ وَفِي بَيتِيْ وَرُويَ ظُلُماً كَثِيراً وَرُوي كَبِيراً بالثاء المثلثة وبالباء الموحدة ؛ فينبغي أَنْ يَجْمَعُ بَيْنَهُمَا فَيُقَالُ : كَثِيراً كَبِيراً

## বাংলা

(৩৬৫৩) আবৃ বকর সিদ্দীক (রাঃ) হতে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বললেন, 'আমাকে এমন দু'আ শিখিয়ে দিন, যা দিয়ে আমি আমার নামাযে প্রার্থনা করব।' তিনি বললেন, ''তুমি বল, 'আল্লাহুম্মা ইন্নী যালামতু নাফসী যুলমান কাসীরাঁউ অলা য়্যাগফিরুয যুন্বা ইল্লা আন্তা ফাগফিরলী মাগফিরাতাম মিন ইন্দিকা অরহামনী, ইন্নাকা আন্তাল গাফুরুর রাহীম।

এক বর্ণনায় আছে, '(যা দিয়ে আমি আমার নামাযে) এবং আমার ঘরে (প্রার্থনা করব।)' 'যুলমান কাসীরান'-এর স্থলে কোন কোন বর্ণনায় 'যুলমান কাবীরান'ও বর্ণনা করা হয়েছে। সুতরাং উচিত হল, উভয় বর্ণনা একত্র করে 'যুলমান কাসীরান কাবীরান' বলা।

## ফটনোট

(বুখারী ৮৩৪, মুসলিম ৭০৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ বকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন